গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
সাধারণ শাখা
www.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২২.৪২৩

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০
০৮ অক্টোবর ২০২৩

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল (২০২৩-২০২৪) বাস্তবায়নের লক্ষ্যে রংপুর বিভাগের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>খ) শুদ্ধাচার প্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।<br><br>গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)/সহকারী কমিশনার (রাজস্ব) কর্তৃক উপজেলা ভূমি অফিসসমূহ পরিদর্শন করে সেবা গ্রহিতাদের নিকট হতে মতামত গ্রহণ করতে হবে।<br><br>ঘ) এ কার্যালয়ের কর্মকর্তা /কর্মচারীদের নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>ঙ) এ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা কার্যকরী ভূমিকা পালন করবে। | ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রয়েছে।<br><br>খ) শুদ্ধাচার প্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হচ্ছে।<br><br>গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)/সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব) কর্তৃক উপজেলা ভূমি অফিসসমূহ পরিদর্শন করা হচ্ছে।<br><br>ঘ) এ কার্যালয়ের কর্মকর্তা /কর্মচারীদের নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে।<br><br>ঙ) নির্দেশনা মোতাবেক এ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ কার্যকরী ভূমিকা পালন করছেন। | - |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ক) রংপুর বিভাগের ০৮ টি জেলার ০৮ টি উপজেলা ভূমি অফিসসমূহ আকস্মিকভাবে পরির্দশন করতে হবে, ব্রডশীট জবাবসহ যথাযথ প্রমানক সংরক্ষণ করতে হবে।<br><br>খ) প্রাপ্ত এল এ কেসের আবেদন ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং প্রমানক সংরক্ষণ করতে হবে।<br><br>গ) দিনাজপুর জেলায় খতিয়ানের কতটি আবেদন নিষ্পত্তি হয়েছে তা মনিটরিং করতে হবে।<br><br>ঘ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর আদালতের মামলার তারিখ ওয়েবসাইটে প্রকাশ ও পক্ষগণকে এসএমএস এর মাধ্যমে নোটিশ প্রদান করতে হবে। | ক) গত ৯/৮/২০২৩ তারিখে বিভাগীয় কমিশনার, রংপুর কর্তৃক কুড়িগ্রাম জেলার ভূরুঙ্গামারী উপজেলা ভূমি অফিস পরিদর্শন করা হয়। ব্রডশীট জবাব এখনও পাওয়া যায় নি।<br>খ) রংপুর জেলার এল এ কেসের চেক প্রাপ্তির আবেদন ১ম ত্রৈমাসিকে (জুলাই/২৩- সেপ্টেম্বর/২৩) পর্যন্ত মোট ১৪৮৫ টি আবেদন পাওয়া গেছে । এর মধ্যে ৭৪২ টি আবেদন নিষ্পত্তি হয়েছে, এবং ৭৪৩ টি আবেদন পেন্ডিং রয়েছে।<br>গ) দিনাজপুর জেলায় খতিয়ানের কতটি আবেদন নিষ্পত্তি হয়েছে তা মনিটরিং করা হচ্ছে। (জুলাই/২৩- সেপ্টেম্বর/২৩) পর্যন্ত মোট ১০১৮৭ টি আবেদন পাওয়া গেছে । এর মধ্যে ১০১৩৫ টি আবেদন নিষ্পত্তি হয়েছে, এবং ৫২ টি আবেদন পেন্ডিং রয়েছে। নিষ্পত্তির হার ৯৯.৪৫%।<br><br>ঘ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর আদালতের মামলার তারিখ ওয়েবসাইটে প্রকাশ ও পক্ষগণকে এসএমএস এর মাধ্যমে নোটিশ প্রদান করা হচ্ছে। আদালতে দায়েরকৃত আপিল মামলা নিষ্পত্তিকরণে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে আপিল মামলা দায়েরের সর্বোর্চ্চ ৩ মাসের মধ্যে নিষ্পত্তির সর্বাত্নক প্রচেস্টা অব্যাহত রয়েছে। | |
| ০৩ | ক) ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br><br>খ) কর্মপরিবেশ উন্নয়নে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে। প্রাধিকার প্রাপ্ত দাপ্তরিক পোষাক ২০২৩-২৪ অর্থবছরে কতটি প্রাপ্ত হয়েছে এবং কতজনকে দেয়া হয়েছে তার তথ্য ০৭/০৯/২০২৩ তারিখের মধ্যে সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | ক) ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) কর্মপরিবেশ উন্নয়নে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রাধিকার প্রাপ্ত দাপ্তরিক পোষাক ২০২৩-২৪ অর্থবছরে ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। | - |
| ০৪ | অর্থবছর ভিত্তিক প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের প্রথম ০৩ কার্যদিবসের মধ্যে সকল প্রমাণকসহ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে । | - |
| ০৫ | শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাসিক, ত্রৈমাসিক ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। পাশাপাশি নির্ধারিত তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে আপলোড করবেন। | নির্দেশনা মোতাবেক মাসিক, ত্রৈমাসিক ও পরিবীক্ষণ প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হচ্ছে। | |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ক) নির্ধারিত সময়ের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য প্রদান করতে হবে এবং জিআরএস সফটওয়্যারে প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তি করতে হবে।<br><br>খ) সকল সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করতে হবে।<br><br>গ) সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিসে আগমন করতে হবে।<br><br>ঘ) অপ্রয়োজনীয় কাগজ ব্যবহার পরিহার করতে হবে। | ক) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য প্রদান করা হচ্ছে এবং জিআরএস সফটওয়্যারে সকল অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>খ) এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।<br><br>গ) নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর অফিসে উপস্থিতির ধারা অব্যহত রয়েছে।<br><br>ঘ) অপ্রয়োজনীয় কাগজ ব্যবহার পরিহার করা হচ্ছে। | |

৮-১০-২০২৩

মো: হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার
ফোন: ০২৫৮৮৮১২০০১
ফ্যাক্স: ০২৫৮৮৮১২০১৪
ইমেইল:
divcomrangpur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা।